



বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব সোহেলী শিরীন আহমেদ  
যুগ্মসচিব, বঙ্গ ও পাট মন্ত্রণালয়।  
সভার স্থান : বঙ্গ ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৭০৮-৭১০)  
তারিখ : ২৮.০৪.২০২১ খ্রিস্টাব্দ  
সময় : বেলা-১১.০০ ঘটিকা  
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-‘ক’

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী প্রোগ্রামার সভায়, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নতুন কাঠামো ও নির্দেশিকা, ২০২১-২২ অনুসারে বঙ্গ ও পাট মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া উপস্থাপন করেন।

০২. বঙ্গ ও পাট মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি পর্যালোচনা করা হয়, বঙ্গ আইন-২০১৮ অনুসারে, বিটিএমসির নিকট ন্যস্ত মিল সমূহের ভূমি ও স্থাপনা ব্যবস্থাপনা তদারকি প্রতিবেদন সংগ্রহ সংক্রান্ত একটি সূচক অন্তর্ভুক্ত করা যেতে পারে মর্মে সভায় মতামত প্রদান করা হয়। যুগ্মসচিব (বাজেট অধিশাখা) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া দাখিলের সময় আগামী ৬/০৫/২১ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

০৩. ২৫.০৩.২০২১ তারিখের সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
ক.	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নতুন কাঠামো ও নির্দেশিকা, ২০২১-২২ অনুসারে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া দপ্তর/সংস্থা মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নতুন কাঠামো ও নির্দেশিকা, ২০২১-২২ অনুসারে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া দপ্তর/সংস্থা হতে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

০৪. সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. প্রয়োজনীয় সংশোধনের পর বঙ্গ ও পাট মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

০৫. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

২৯.০৪.২১

(সোহেলী শিরীন আহমেদ)

যুগ্মসচিব

ও

টিম লিডার, এপিএ কমিটি

স্মারক নং-২৪.০০.০০০০.১২১.০৫.০০১.২১(২য় খন্ড). ১৬৭

তারিখ: ২৯.০৪.২০২১ খ্রি.

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১. যুগ্মসচিব (বাজেট), বঙ্গ ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. যুগ্মসচিব (পরিচালনা অনুবিভাগ), বঙ্গ ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. যুগ্মসচিব (পিপিপি), বঙ্গ ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. যুগ্মসচিব (বাজেট অধিশাখা), বঙ্গ ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫. যুগ্মসচিব (বঙ্গ), বঙ্গ ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), বঙ্গ ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. সিস্টেম এনালিস্ট, বঙ্গ ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
০৮. সহকারী প্রোগ্রামার, বঙ্গ ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(সুপ্রভ শিকদার)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৭৬৫৪৬

[budget.motj@gmail.com](mailto:budget.motj@gmail.com)